রেজিষ্টার্ড নং ডি এ—১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, সেপ্টেম্বর ১৪, ১৯৯১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অর্থ বিভাগ

(বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ)

## আদেশ

ঢাকা, ২৯শে ভাদ্র, ১৩৯৮/১৪ই সেপ্টেম্বর, ১৯৯১

এস,আর,ও, নং ২৭৫—আইন/৯১/অম/অবি(বাস্তঃ)—১/জাঃবেঃস্কেল—২/৯১/৫৭—The Services (Reorganization and Conditions) Act, 1975 (XXXII of 1975)—এর ধারা ৫—এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ আদেশ জারী করিলেন, যথা ঃ-

১। সংক্ষিপ্ত শিরোনাম, প্রবর্তন ও প্রয়োগ।—(১) এই আদেশ চাকুরী (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯১ নামে অভিহিত হইবে।

(২) (ক) এই আদেশের অনুচ্ছেদ ৩—এ উল্লিখিত জাতীয় বেতন স্কেলসমূহ ১লা জুলাই, ১৯৯১ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে;



মূল্য ঃ টাকা ৪.০০

(খ) এই আদেশের অধীন প্রদেয় ভাতাদি সম্পর্কিত বিধানাবলী ১লা জুন, ১৯৯২ তারিখ হইতে কার্যকর হইবে। উক্ত ভাতাদি ৩১শে মে, ১৯৯২ পর্যন্ত The Services (Pay and Allowances) Order, 1985-এর বিধান মোতাবেক ৩০শে জুন, ১৯৯১ তারিখে আহরিত বা প্রাপ্য অংকেই প্রদেয় হইবে।

(৩) এই আদেশ নিম্নবর্ণিত ব্যক্তিবর্গ ব্যতীত প্রজাতন্ত্রের চাকুরীতে নিয়োজিত সকল ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য হইবে—

(ক) যে সকল বেসামরিক ব্যক্তিকে প্রতিরক্ষা প্রাক্কলন হইতে বেতন প্রদান করা হয় তাঁহারা ব্যতীত প্রতিরক্ষা সার্ভিসসমূহে নিয়োজিত ব্যক্তিগণ;

(খ) পুলিশ-বাহিনীতে ও বাংলাদেশ রাইফেল্‌স্‌-এ নিয়োজিত ব্যক্তিগণ;

(গ) The State-owned Manufacturing Industries Workers (Terms and Conditions of Service) Ordinance, 1985 (XXXIX of 1985)-এর সংজ্ঞাধীন শ্রমিক হিসাবে নিযুক্ত ব্যক্তিগণ;

(ঘ) শিক্ষানবিস অথবা প্রশিক্ষণার্থী হিসাবে নিযুক্ত ব্যক্তিগণ; এবং

(ঙ) চুক্তি বা খন্ডকালীন ভিত্তিতে নিযুক্ত ব্যক্তিগণ।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই আদেশে—

(ক) "প্রারম্ভ তারিখ" অর্থ, জাতীয় বেতন স্কেলের ক্ষেত্রে, ১লা জুলাই, ১৯৯১ এবং ভাতাদির ক্ষেত্রে, ১লা জুন, ১৯৯২;

(খ) "বর্তমান বেতন স্কেল" অর্থ The Services (Pay and Allowances) Order, 1985-এর অধীন সংশোধিত নূতন বেতন স্কেল;

(গ) "জাতীয় বেতন স্কেল, ১৯৯১" অর্থ এই আদেশের অনুচ্ছেদ ৩-এ উল্লিখিত জাতীয় বেতন স্কেল;

(ঘ) "মূল স্কেল", "সিলেকশন গ্রেড স্কেল", "সিনিয়র স্কেল" এবং "উচ্চতর স্কেল (টাইম-স্কেল)" অর্থ বর্তমান বেতন স্কেলে, যথাক্রমে পদের মূল স্কেল, পদের সিলেকশন গ্রেড স্কেল, পদের সিনিয়র স্কেল এবং উচ্চতর স্কেল (টাইম-স্কেল)।

৩। **জাতীয় বেতন স্কেল, ১৯৯১।**—(১) প্রারম্ভ তারিখে ঐ তারিখের অব্যবহিত পূর্বে বিদ্যমান পদসমূহের বর্তমান বেতন স্কেল বিলুপ্ত হইবে এবং ঐ তারিখ হইতে বর্তমান বেতন স্কেলের প্রতিটি স্কেলের বিপরীতে নিম্নবর্ণিত অনুরূপ স্কেল ( Corresponding Scale ) কার্যকর হইবে; যথা ঃ—

| বর্তমান বেতন স্কেল (সংশোধিত নূতন বেতন স্কেল, ১৯৮৫) (টাকা) | জাতীয় বেতন স্কেল, ১৯৯১ (১লা জুলাই, ১৯৯১ হইতে কার্যকর) (টাকা) |
|---|---|
| ১। ৬০০০ (নির্ধারিত) | ১। ১০০০০ (নির্ধারিত) |
| ২। ৫৭০০ (নির্ধারিত) | ২। ৮৬০০-৪X২২৫-৯৫০০ |
| ৩। ৪৭৫০-১৫০-৫৫০০ | ৩। ৭৮০০-৬X২০০-৯০০০ |
| ৪। ৪২০০-১৫০-৫২৫০ | ৪। ৭১০০-৮X২০০-৮৭০০ |
| ৫। ৩৭০০-১২৫-৪৮২৫ | ৫। ৬৩০০-১০X১৭৫-৮০৫০ |
| ৬। ২৮০০-১২৫-৪৪২৫ | ৬। ৪৮০০-১৪X১৭৫-৭২৫০ |
| ৭। ২৪০০-১২০-৩৬০০ | ৭। ৪১০০-১৬X১৫০-৬৫০০ |
| ৮। ১৮৫০-১১০-২৬২০-১২০-৩২২০ | ৮। ৩২০০-১৬X১৪০-৫৪৪০ |
| ৯। ১৬৫০-১০০-২২৫০-ইবি-১১০-৩০২০ | ৯। ২৮৫০-৭X১২৫-৩৭২৫-ইবি-১১X১৩০-৫১৫৫ |
| ১০। ১৩৫০-৯০-২২৫০-ইবি-১০০-২৭৫০ | ১০। ২৩০০-৭X১১৫-৩১০৫-ইবি-১১X১২৫-৪৪৮০ |
| ১১। ১০০০-৭০-১৫৬০-ইবি-৯০-২২৮০ | ১১। ১৭২৫-৭X১০৫-২৪৬০-ইবি-১১X১১৫-৩৭২৫ |
| ১২। ৯০০-৬৫-১৫৫০-ইবি-৭৫-২০৭৫ | ১২। ১৫৫০-৭X১০০-২২৫০-ইবি-১১X১০৫-৩৪০৫ |
| ১৩। ৮৫০-৫৫-১৪০০-ইবি-৬০-১৭০০ | ১৩। ১৪৭৫-৭X৯০-২১০৫-ইবি-১১X৯৫-৩১৫০ |
| ১৪। ৮০০-৫০-১৩০০-ইবি-৫৫-১৬৩০ | ১৪। ১৩৭৫-৭X৮০-১৯৩৫-ইবি-১১X৮৫-২৮৭০ |
| ১৫। ৭৫০-৪৫-১২০০-ইবি-৫০-১৫৫০ | ১৫। ১৩০০-৭X৭০-১৭৯০-ইবি-১১X৭৫-২৬১৫ |
| ১৬। ৭০০-৪০-১১০০-ইবি-৪৫-১৪১৫ | ১৬। ১২০০-৭X৬০-১৬২০-ইবি-১১X৬৫-২৩৩৫ |
| ১৭। ৬৫০-৩৫-১০০০-ইবি-৪০-১২৮০ | ১৭। ১১২৫-৭X৫৫-১৫১০-ইবি-১১X৬০-২১৭০ |
| ১৮। ৬০০-৩০-৯০০-ইবি-৩৫-১১১০ | ১৮। ১০৫০-৭X৪৫-১৩৬৫-ইবি-১১X৫০-১৯১৫ |
| ১৯। ৫৫০-২৫-৭২৫-ইবি-৩০-৯৬৫ | ১৯। ৯৭৫-৭X৪০-১২৫৫-ইবি-১১X৪৫-১৭৫০ |
| ২০। ৫০০-২০-৮৬০ | ২০। ৯০০-১৮X৩৫-১৫৩০ |

(২) বর্তমানে যে সকল পদের বেতন স্কেল টাকা ৬,৫০০ (নির্ধারিত) রহিয়াছে, সেই সকল পদের বেতন স্কেল জাতীয় বেতন স্কেল, ১৯৯১–তে টাকা ১০,৫০০ (নির্ধারিত) হইবে।

৪। **জাতীয় বেতন স্কেল, ১৯৯১–এর প্রাপ্যতা।**—৩০শে জুন, ১৯৯১ তারিখে কোন ব্যক্তি সংশ্লিষ্ট পদে যে মূল স্কেল, ব্যক্তিগত স্কেল, সিলেকশন গ্রেড স্কেল, সিনিয়র স্কেল এবং উচ্চতর স্কেল (টাইম–স্কেল) পাইতেছিলেন, তিনি জাতীয় বেতন স্কেল, ১৯৯১–এর প্রারম্ভ তারিখ হইতে অনুচ্ছেদ ৩–এ বর্ণিত তাঁহার সংশ্লিষ্ট বর্তমান বেতন স্কেলের বিপরীতে প্রদর্শিত জাতীয় বেতন স্কেল, ১৯৯১ প্রাপ্য হইবেন ঃ

তবে শর্ত থাকে যে, সরকার কর্তৃক সময় সময় জারীকৃত আদেশ অনুযায়ী যাঁহারা ৩০শে জুন, ১৯৯১ পর্যন্ত উচ্চতর স্কেল (টাইম–স্কেল) পাইবার অধিকারী ছিলেন কিন্তু সময়মত উহা তাঁহাদিগকে প্রদান করা হয় নাই, তাঁহারা সংশ্লিষ্ট আদেশ অনুযায়ী উহা ভূতাপেক্ষভাবে প্রাপ্য হইবেন।

৫। **বর্তমান বেতনের সংজ্ঞা।**—এই আদেশের উদ্দেশ্যে ''বর্তমান বেতন'' বলিতে বুঝাইবে—

(ক) ১৯৯১ সনের ৩০শে জুন তারিখে প্রাপ্ত বা প্রাপ্য মূল বেতন;

তৎসহ

(খ) (১) অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত স্মারক নং অম (অবি)/প্রবি–২/মভা–১/৮৭–১২৫, তারিখ ২৭–৭–১৯৮৭ দ্বারা প্রদত্ত মহার্ঘ ভাতা;

(২) অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত স্মারক নং অম (অবি) বাস্তবায়ন–১/সি/৮৯/১১৫, তারিখ ১৬–৭–১৯৮৯ দ্বারা প্রদত্ত মহার্ঘ ভাতা;

(৩) অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত স্মারক নং অম (অবি) বাস্তবায়ন–১/সি/৮৯(অংশে)–৯০(৩০০), তারিখ ২৩–১২–১৯৯০ দ্বারা প্রদত্ত মহার্ঘ ভাতা;

তৎসহ

(গ) অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত স্মারক নং অম/অবি (বাস্তবায়ন)–১/সি–১/৮৯/১১৫(৩০০), তারিখ ১৬–৭–১৯৮৯–এর অধীন প্রদত্ত অতিরিক্ত ইনক্রিমেন্ট যাহা ব্যক্তিগত বেতন হিসাবে প্রদান করা হইয়াছে; এবং

তৎসহ

(ঘ) সরকার কর্তৃক সময় সময় জারীকৃত আদেশাবলী অনুসারে কোন পদের বা কাজের সহিত সম্পৃক্ত ব্যক্তিগত বেতন, ব্যক্তিগত ভাতা ভিন্ন অন্যান্য ব্যক্তিগত বেতন ও ব্যক্তিগত ভাতা (যদি থাকে)।

৬। **জাতীয় বেতন স্কেল, ১৯৯১–তে বেতন নির্ধারণ।**—(১) যে ব্যক্তি বর্তমান বেতন স্কেলে পদের মূল স্কেল, সিনিয়র স্কেল, সিলেকশন গ্রেড স্কেল, ব্যক্তিগত স্কেল অথবা উচ্চতর স্কেল (টাইম–স্কেল) পাইতেছিলেন, তাঁহার বেতন স্বীয় বর্তমান বেতন স্কেলের অনুরূপ (Corresponding

Scale) জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে অনুচ্ছেদ ৪-এর শর্তাধীনে এবং নিম্নলিখিত পদ্ধতিতে নির্ধারিত হইবে ঃ—

(ক) (১) যদি তাঁহার বর্তমান বেতন সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর সর্বনিম্ন ধাপের কম হয়, তাহা হইলে জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর সর্বনিম্ন ধাপে তাঁহার বেতন নির্ধারিত হইবে;

(২) যদি তাঁহার বর্তমান বেতন সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর সর্বনিম্ন ধাপের উচ্চতর হয় এবং জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর কোন ধাপের সমান হয়, তাহা হইলে জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর ঐ ধাপেই তাঁহার বেতন নির্ধারিত হইবে। যদি জাতীয় বেতন স্কেলে তাঁহার বর্তমান বেতনের সমান কোন ধাপ না থাকে, তাহা হইলে জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর পরবর্তী উচ্চতর ধাপে তাঁহার বেতন নির্ধারিত হইবে;

(৩) যদি তাঁহার বর্তমান বেতন সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর সর্বোচ্চ সীমার উর্ধ্বে হয়, তাহা হইলে সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর সর্বোচ্চ সীমায় তাঁহার বেতন নির্ধারণ করতঃ বর্তমান বেতন এবং সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর সর্বোচ্চ বেতনের মধ্যে যে পার্থক্য থাকিবে, তাহা তাঁহাকে ব্যক্তিগত বেতন হিসাবে প্রদান করা হইবে এবং ঐ পদে অথবা পরস্পর বদলীযোগ্য কোন পদে ৩০শে জুন, ১৯৯১ পর্যন্ত তাঁহার পূর্বেকার মোট চাকুরীকাল গণনাপূর্বক তাঁহাকে নিম্নের দফা (খ) অনুসারে প্রাপ্য বেতন বৃদ্ধি সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর সর্বোচ্চ বেতন বৃদ্ধি হারে প্রদান করা হইবে এবং উহা তাঁহার ব্যক্তিগত বেতনের সহিত যুক্ত হইবে।

(খ) একই পদে অথবা পরস্পর বদলীযোগ্য কোন পদে ৩০শে জুন, ১৯৯১ পর্যন্ত মোট চাকুরীকালের জন্য দফা (ক)তে নির্ণয়কৃত বেতনের সহিত জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে নিম্নরূপ বেতন বৃদ্ধির অংক যোগ করিতে হইবে—

(১) ৩০শে জুন, ১৯৯১ তারিখে ৩ বৎসরের কম মেয়াদের উক্তরূপ চাকুরীর জন্য ১টি বেতন বৃদ্ধি;

(২) ৩০শে জুন, ১৯৯১ তারিখে উক্তরূপ চাকুরীর প্রতি ৩ বৎসরের জন্য ১টি বেতন বৃদ্ধি এবং ৩ বৎসরের অধিক চাকুরীকালের যে কোন অংশ অথবা পরবর্তী ৩ বৎসরের চাকুরীকালের যে কোন গুণিতকের জন্য ১টি বেতন বৃদ্ধি;

তবে শর্ত থাকে যে, এইরূপ বেতনবৃদ্ধির সর্বোচ্চ সংখ্যা—

(১) যে সকল ব্যক্তি উচ্চতর স্কেল (টাইম-স্কেল) এর সুবিধা গ্রহণ করেন নাই, তাঁহাদের ক্ষেত্রে ৩টির অধিক হইবে না; এবং

(২) যে সকল ব্যক্তি উচ্চতর স্কেল (টাইম-স্কেল) এর সুবিধা গ্রহণ করিয়াছেন তাঁহাদের ক্ষেত্রে ২টির অধিক হইবে না।

ব্যাখ্যা।—যে সকল ব্যক্তি জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর টাকা ১০,৫০০ (নির্ধারিত) এবং টাকা ১০,০০০ (নির্ধারিত) বেতন স্কেলের পদে নিয়োজিত আছেন, তাঁহাদের ক্ষেত্রে দফা (খ) প্রযোজ্য হইবে না।

(২) প্রারম্ভ তারিখ এবং এই আদেশ জারীর তারিখের মধ্যবর্তীকালে (উভয় দিনসহ) কোন ব্যক্তির উচ্চতর বেতন স্কেলের পদে পদোন্নতি হইলে, তাঁহার বেতন প্রথমতঃ জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে অনুচ্ছেদ ৬(১)-এর বিধান মোতাবেক প্রারম্ভ তারিখে সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেলে পদোন্নতিপ্রাপ্ত পদের নিম্নতর পদে নির্ধারণ করিতে হইবে এবং তৎপর ঐ নির্ধারিত বেতনের ভিত্তিতে পদোন্নতিপ্রাপ্ত পদের সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেলে প্রচলিত নিয়ম অনুসারে পদোন্নতির তারিখে তাঁহার বেতন নির্ধারণ করিতে হইবে।

(৩) যে ব্যক্তি প্রেষণে কর্মরত আছেন, প্রেষণে কর্মরত না থাকিলে তাঁহার মূল অফিস অথবা সংগঠনে তিনি যে বেতন পাইবার অধিকারী হইতেন, সেই ভিত্তিতে তাঁহার বেতন নির্ধারিত হইবে।

(৪) যে ব্যক্তি প্রারম্ভ তারিখে ছুটিতে ছিলেন, জাতীয় বেতন স্কেলে সেই ব্যক্তির বেতন, তাঁহার বর্তমান বেতনের ভিত্তিতে নির্ধারণ করিতে হইবে অথবা ঐ তারিখে তিনি ছুটিতে না থাকিলে তাঁহার বর্তমান বেতন যাহা হইত, সেই ভিত্তিতে জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে তাঁহার বেতন নির্ধারণ করিতে হইবে। কিন্তু জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে তাঁহার বেতন নির্ধারণের ফলে তিনি যে আর্থিক সুবিধা লাভ করিতেন তাহা তাঁহার ছুটিকালীন সময়ের জন্য প্রাপ্য হইবেন না।

(৫) যে ব্যক্তি প্রারম্ভ তারিখে সাময়িকভাবে বরখাস্ত ছিলেন, সেই ব্যক্তি পুনর্বহাল না হইলে এবং বাস্তবে কাজে যোগদান না করিলে তাঁহার বেতন জাতীয় বেতন স্কেলে নির্ধারণ করা হইবে না। এইরূপ পুনর্বহালকৃত ব্যক্তির বেতন ৩০শে জুন, ১৯৯১ তারিখে প্রথমতঃ বর্তমান বেতন স্কেলে নির্ধারণ করা হইবে এবং অতঃপর ঐ নির্ধারিত বেতনের ভিত্তিতে তাঁহার বেতন সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে নির্ধারণ করা হইবে।

(৬) প্রারম্ভ তারিখে যে ব্যক্তি অবসর প্রস্তুতিমূলক ছুটিতে ছিলেন, শুধুমাত্র পেনশন নির্ধারণের জন্য তাঁহার বেতন উপ-অনুচ্ছেদ (৪) এর বিধান মোতাবেক সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে নির্ধারণ করা হইবে। এইরূপ ক্ষেত্রে অবসর প্রস্তুতিমূলক ছুটিকালীন সময়ে যদি তাঁহার বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ থাকে, তাহা হইলে উক্ত বেতন বৃদ্ধিও পেনশন নির্ধারণের জন্য তাঁহার বেতনের সহিত যুক্ত হইবে। তবে তিনি অবসর প্রস্তুতিমূলক ছুটিকালীন সময়ে উক্ত ছুটির বেতন বর্তমান বেতন স্কেলের ভিত্তিতে পাইতে থাকিবেন।

৭। **সিলেকশন গ্রেড স্কেল, সিনিয়র স্কেল ও ব্যক্তিগত স্কেলের ধারাবাহিকতা।**—বর্তমান বেতন স্কেলের অধীন সিলেকশন গ্রেড স্কেল, সিনিয়র স্কেল অথবা ব্যক্তিগত স্কেল, যে নামেই অভিহিত হউক না কেন, প্রারম্ভ তারিখে উহা একই শর্তাধীনে অনুরূপ (Corresponding) জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে বহাল থাকিবে।

৮। **জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে উচ্চতর স্কেল (টাইম-স্কেলে) এর প্রাপ্যতা।**—(১) যে সকল নন্-গেজেটেড কর্মচারী, জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর টাকা ৯০০-১৫৩০ হইতে টাকা ২৩০০—৪৪৮০ বেতন স্কেলের আওতাভুক্ত, তাঁহাদেরকে একই অথবা পরস্পর বদলীযোগ্য পদে ৮, ১২ ও ১৫ বৎসর চাকুরীকাল পূর্তির পর এবং তাঁহাদের চাকুরীর সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে ও এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে যথাক্রমে ১ম, ২য় ও ৩য় পরবর্তী উচ্চতর বেতন স্কেল, উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রদেয় হইবে।

তবে শর্ত থাকে যে, পদোন্নতি ব্যতিরেকে কোন ব্যক্তি একই পদে সমগ্র চাকুরী জীবনে ৩টির অধিক উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন না।

(২) দ্বিতীয় শ্রেণীর গেজেটেড কর্মকর্তাগণ, তাঁহাদের সংশ্লিষ্ট পদের বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছার ১ বৎসর পর এবং তাঁহাদের চাকুরীর সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে ও এতদ্‌সংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে পরবর্তী উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন, তবে পদোন্নতি ব্যতিরেকে, কোন ব্যক্তি একই পদে সমগ্র চাকুরী জীবনে ২টির অধিক উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন না।

(৩) প্রথম শ্রেণীর কর্মকর্তাগণ নিজ বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছার ১ বৎসর পর ও তাঁহাদের চাকুরীর সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে এবং এতদ্‌সংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে তাঁহাদের পদের বেতন স্কেলের পরবর্তী উচ্চতর স্কেল, উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রাপ্য হইবেন এবং, পদোন্নতি ব্যতিরেকে, একই পদে সমগ্র চাকুরীজীবনে তাঁহারা ১টির অধিক উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন না। এইরূপ উচ্চতর স্কেল (টাইম-স্কেল) জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর ৪র্থ স্কেলের (টাকা ৭১০০—৮৭০০) উর্ধ্বের কোন কর্মকর্তা প্রাপ্য হইবেন নাঃ

তবে শর্ত থাকে যে, প্রথম শ্রেণীর কর্মকর্তাগণ, যাঁহারা জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর বেতন স্কেল টাকা ২৮৫০—৫১৫৫, টাকা ৩২০০—৫৪৪০ এবং টাকা ৪১০০—৬৫০০ এর অন্তর্ভুক্ত, স্ব স্ব বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছার ১ বৎসর পর জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে টাকা ৪৮০০—৭২৫০, উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রাপ্য হইবেন; এবং টাকা ৩২০০—৫৪৪০ এবং টাকা ৪১০০—৬৫০০ বেতন স্কেলে পদোন্নতিপ্রাপ্ত প্রথম শ্রেণীর কর্মকর্তাগণ, পদোন্নতিপ্রাপ্ত না হইলে, যেই তারিখে টাকা ২৮৫০—৫১৫৫ অথবা টাকা ৩২০০—৫৪৪০ এর বা পদোন্নতিপ্রাপ্ত পদের স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছিতেন—যাহাই পূর্বে ঘটে—সেই তারিখের ১ বৎসর পর উচ্চতর স্কেল (টাইম-স্কেল) টাকা ৪৮০০—৭২৫০ প্রাপ্য হইবেন।

ব্যাখ্যা।—অনুচ্ছেদ ৮(৩)-এর শর্তে বর্ণিত বেতন স্কেল ব্যতীত, জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর অধীনে প্রথম শ্রেণীর অন্যান্য স্কেলের কর্মকর্তাগণকে উক্ত অনুচ্ছেদে বর্ণিত বিধানাবলী অনুযায়ী পরবর্তী উচ্চতর স্কেল প্রদেয় হইবে।

৯। **বেতন নির্ধারণের পর বেতন বৃদ্ধি।**—(১) জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর যেই স্তরে 'ইবি' বলিয়া উল্লিখিত দক্ষতাসীমা দেখানো হইয়াছে সেই স্তর অতিক্রম করিবার জন্য যে বিধি প্রচলিত রহিয়াছে, সেই বিধি অনুসারে উহা অতিক্রমের এবং বেতন বৃদ্ধি মঞ্জুরী অথবা আহরণের জন্য প্রচলিত বিধি যথাযথভাবে অনুসরণ করিতে হইবে। অনুচ্ছেদ ৬-এর বিধান অনুযায়ী বেতন নির্ধারণের পর বর্তমান বেতন স্কেল, ১৯৮৫-তে বেতন বৃদ্ধির তারিখই জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর প্রথম বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ হইবে, তবে যে সকল ব্যক্তি প্রারম্ভ তারিখের পরে পদোন্নতি বা নিয়োগপ্রাপ্ত হইয়াছেন সেই সকল ব্যক্তি পদোন্নতি বা নিয়োগের তারিখ হইতে ১ বৎসর চাকুরীকাল পূর্তিতে পরবর্তী বার্ষিক বেতনবৃদ্ধি প্রাপ্য হইবেন।

(২) যে সকল ক্ষেত্রে বার্ষিক বেতনবৃদ্ধির তারিখ প্রারম্ভ তারিখেই পড়ে, সেই সকল ক্ষেত্রে জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে বেতন নির্ধারণ করিয়া সেই তারিখেই বার্ষিক বেতন বৃদ্ধি প্রদেয় হইবে।

(৩) যে সকল ব্যক্তি জাতীয় বেতন স্কেল, ১৯৯১–এর ১০ হইতে ২০ নং স্কেল (টাকা ২৩০০—৪৪৮০ হইতে টাকা ৯০০—১৫৩০) এর আওতাভুক্ত এবং প্রারম্ভ তারিখে যাঁহাদের বেতন অনুচ্ছেদ ৬(১) (ক)(৩)–এর বিধান অনুযায়ী সংশ্লিষ্ট স্কেলের সর্বোচ্চ সীমায় নির্ধারিত হইয়াছে এবং যাঁহাদের বেতন ঐ স্তরে আবদ্ধ (Stuck-up) হইয়া থাকিবে, তাঁহারা সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেলে বার্ষিক বেতন বৃদ্ধির সর্বোচ্চ হারে প্রতি ২ বৎসর অন্তর ১টি করিয়া বার্ষিক বেতন বৃদ্ধি ব্যক্তিগত বেতন হিসাবে প্রাপ্য হইবেন এবং ঐ সকল ব্যক্তিগত বেতন অনুচ্ছেদ ৬(১)(ক)(৩)–এর বিধান অনুযায়ী প্রাপ্য ব্যক্তিগত বেতনের সংগে সংযোজিত হইবে।

১০। **প্রথম নিয়োগ প্রাপ্তিতে বেতন।**—প্রারম্ভ তারিখে অথবা উহার পর নিয়োগ প্রাপ্ত কোন ব্যক্তিকে, বদলী বা পদোন্নতি ব্যতিরেকে, নিয়োগকৃত পদের জাতীয় বেতন স্কেল, ১৯৯১–এর ন্যূনতম বেতন প্রদান করা হইবে ঃ

তবে শর্ত থাকে যে, প্রথম নিয়োগের পদটি যদি জাতীয় বেতন স্কেল, ১৯৯১–এর টাকা ২৮৫০—৫১৫৫ বা তদূর্ধ্ব স্কেলের হয় তাহা হইলে—

(ক) একজন এম, বি, বি, এস, ডিগ্রীধারী বা ব্যাচেলর অব আর্কিটেকচার বা ইঞ্জিনিয়ারিং ডিগ্রী বা সরকার কর্তৃক স্বীকৃত সমপর্যায়ের ডিগ্রীধারীকে ১টি অগ্রিম বেতন বৃদ্ধি প্রদান করা হইবে, যদি ঐরূপ ডিগ্রী সংশ্লিষ্ট পদে ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে;

(খ) যে সকল ব্যক্তির ইঞ্জিনিয়ারিং ডিগ্রী বা আইনের ডিগ্রী অথবা স্থাপত্যবিদ্যায় ডিগ্রী বা মাষ্টার্স ডিগ্রী ছাড়াও সরকার কর্তৃক এতদ্‌উদ্দেশ্যে স্বীকৃত কোন শিক্ষা প্রতিষ্ঠান (ইনষ্টিটিউট) হইতে ফিজিক্যাল প্ল্যানিং–এও ডিগ্রী রহিয়াছে সেই সকল ব্যক্তিকে ২টি অগ্রিম বেতনবৃদ্ধি প্রদান করা হইবে, যদি ঐরূপ ডিগ্রী সংশ্লিষ্ট পদে ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে;

(গ) সহকারী জজ পদে নিয়োগপ্রাপ্ত ব্যক্তিকে ১টি অগ্রিম বেতনবৃদ্ধি প্রদান করা হইবে, যদি সহকারী জজ পদে নিয়োগ লাভের পূর্বে তিনি আইনজীবী হিসাবে 'বারে' তালিকাভুক্ত হইয়া থাকেন;

(ঘ) কোন ব্যক্তি Lawyer Magistrate হিসাবে নিয়োগ লাভের সময় যদি তাঁহার বয়স ত্রিশ বৎসরের কম না হয় এবং একজন আইনজীবী হিসাবে তাঁহার তিন বৎসরের পেশাগত অভিজ্ঞতা থাকে, তাহা হইলে তিনি নিয়োগ লাভের সময় ১টি অগ্রিম বেতনবৃদ্ধি পাইবেন, নিয়োগ লাভের সময় যদি তাঁহার বয়স একত্রিশ বৎসরের নীচে না হয় এবং যদি আইনজীবী হিসাবে তাঁহার চার বৎসরের পেশাগত অভিজ্ঞতা থাকে, তাহা হইলে তিনি ২টি অগ্রিম বেতনবৃদ্ধি পাইবেন; নিয়োগ লাভের সময় যদি তাঁহার বয়স বত্রিশ বৎসরের কম না হয় এবং যদি আইনজীবী হিসাবে তাঁহার পাঁচ বৎসরের পেশাগত অভিজ্ঞতা থাকে, তাহা হইলে তিনি ৩টি অগ্রিম বেতনবৃদ্ধি পাইবেন, এবং নিয়োগ লাভের সময় যদি তাঁহার বয়স তেত্রিশ বৎসরের কম না হয় এবং যদি

আইনজীবী হিসাবে তাঁহার ছয় বৎসর বা ততোধিক সময়ের পেশাগত অভিজ্ঞতা থাকে, তাহা হইলে তিনি ৪টি অগ্রিম বেতনবৃদ্ধি পাইবেন;

(ঙ) কোন ব্যক্তি যদি কোন চিকিৎসা অনুষদের লাইসেন্সধারী হন এবং যদি ঐ লাইসেন্স তাঁহার পদের জন্য ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে, তাহা হইলে ঐ ব্যক্তি নিয়োগ লাভের সময় ১টি অগ্রিম বেতনবৃদ্ধি পাইবেনঃ

আরও শর্ত থাকে যে (১) Education Department Memorandum Nos. SIV/830-Edn., dated 18th July, 1970, SIV/831-Edn., dated 18th July, 1970, 832-Edn., dated 17th July, 1970 এবং 833-Edn., dated 17th July, 1970 অনুযায়ী উচ্চতর শিক্ষাগত যোগ্যতা যাহা অগ্রিম বেতন বৃদ্ধির মঞ্জুরীর সহিত সম্পর্কযুক্ত তাহা বলবৎ থাকিবে; এবং

(২) Ministry of Finance O. M. No. MF (ID)-I-3/77/522, dated 13th May, 1978, MF(ID)-II/P-I/81/457, dated 16th April, 1981 এবং MF(ID)-II/1-1/81/800, dated 29th June, 1981-তে আরোপিত শর্তসমূহ যাহা বেতন বৃদ্ধি মঞ্জুরীর সহিত সম্পর্কযুক্ত তাহা বলবৎ থাকিবে।

১১। পদের পূর্ণ বেতন প্রাপ্তির শর্তাবলী।—(১) কোন ব্যক্তি কোন উচ্চতর পদে ও বেতন স্কেলে পদোন্নতি পাইলে ঐ পদে পূর্ণ বেতন পাওয়ার জন্য তাঁহাকে নিম্নের সারণীতে উল্লিখিত চাকুরীর মেয়াদ পূর্ণ করিতে হইবেঃ–

সারণী

| ক্রমিক নং | বেতন স্কেল | | পূর্ণ বেতন পাওয়ার জন্য প্রয়োজনীয় ন্যূনতম চাকুরীর মেয়াদ |
|---|---|---|---|
| ১। | টাকা ১০০০০ (নির্ধারিত) | .. | ২০ বৎসর |
| ২। | টাকা ৮৬০০—২২৫—৯৫০০ | .. | ১৭ বৎসর |
| ৩। | টাকা ৭৮০০—২০০—৯০০০ | .. | ১৪ বৎসর |
| ৪। | টাকা ৭১০০—২০০—৮৭০০ | .. | ১২ বৎসর |
| ৫। | টাকা ৬৩০০—১৭৫—৮০৫০ | .. | ১০ বৎসর |
| ৬। | টাকা ৪৮০০—১৭৫—৭২৫০ | .. | ৫ বৎসর |
| ৭। | টাকা ৪১০০—১৫০—৬৫০০ | .. | ৪ বৎসর |

ব্যাখ্যা—এই উপ-অনুচ্ছেদে বর্ণিত চাকুরীর মেয়াদ বলিতে বুঝাইবে–

(ক) ১ম শ্রেণীভুক্ত পদে চাকুরীর প্রকৃত সময়কাল অথবা যে সকল পদ ১লা জুলাই, ১৯৭৩ এবং ৩০শে জুন, ১৯৭৭ পর্যন্ত জাতীয় বেতন স্কেল ৫ম গ্রেডের অন্তর্ভুক্ত ছিল অথবা যে সকল পদ ১লা জুলাই, ১৯৭৭ তারিখে বা তাহার পরে নূতন জাতীয় বেতন স্কেল টাকা ৭৫০—১৪৭০ বা তদূর্ধ্ব স্কেলে ছিল অথবা যে সকল পদ ১লা জুন, ১৯৮৫ তারিখে বা

তাহার পরে সংশোধিত বেতন স্কেল টাকা ১৬৫০—৩০২০ বা তদূর্ধ্ব স্কেলে ছিল, এবং ১লা জুলাই, ১৯৯১ হইতে জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে টাকা ২৮৫০—৫১৫৫ বা তদূর্ধ্ব স্কেলভুক্ত, সেই সকল পদের যে কোন এক বা একাধিক পদে চাকুরীর প্রকৃত সময়কাল।

তৎসহ

(খ) যে সকল পদ ৩০শে জুন, ১৯৭৩ তারিখের পূর্বে ২য় শ্রেণী (গেজেটেড) হিসাবে শ্রেণীভুক্ত ছিল অথবা ১লা জুলাই, ১৯৭৩ হইতে ৩০শে জুন, ১৯৭৭ তারিখের মধ্যে যে সকল পদ জাতীয় বেতন স্কেলের ৬ষ্ঠ গ্রেডভুক্ত ছিল কিংবা ১লা জুলাই, ১৯৭৭ হইতে নূতন জাতীয় বেতন স্কেলে টাকা ৬২৫—১৩১৫, টাকা ৪৭০—১১৩৫ বা টাকা ৪২৫-১০৩৫ স্কেলভুক্ত ছিল অথবা ১লা জুন, ১৯৮৫ হইতে সংশোধিত নূতন বেতন স্কেলে টাকা ১৩৫০-২৭৫০, টাকা ১০০০-২২৮০ বা টাকা ৯০০-২০৭৫ স্কেলভুক্ত ছিল অথবা ১লা জুলাই, ১৯৯১ হইতে জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে টাকা ২৩০০-৪৪৮০ বা টাকা ১৭২৫-৩৭২৫ বা টাকা ১৫৫০-৩৪০৫ স্কেলভুক্ত, সেই সকল পদের এক বা একাধিক পদের চাকুরীর প্রকৃত সময়ের অর্ধকাল।

তৎসহ

(গ) অন্যান্য পদে প্রকৃত চাকুরীর এক-চতুর্থাংশ।

(২) প্রয়োজনীয় চাকুরীর সময়কাল হইতে কম প্রত্যেক বৎসরের জন্য বর্তমান বেতন এবং অনুচ্ছেদ ৬ মোতাবেক নির্ণয়কৃত জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর প্রারম্ভিক বেতনের পার্থক্যের শতকরা ২০ ভাগ কম প্রদান করা হইবেঃ

তবে শর্ত থাকে যে, কোন ক্ষেত্রেই এইরূপ কম প্রদানের পরিমাণ উল্লিখিত পার্থক্যের শতকরা ৬০ ভাগের অধিক হইবে না।

১২। ভাতাদির প্রাপ্যতা।-(১) The Services (Pay and Allowances) Order, 1985-এর ১২ নং অনুচ্ছেদে যেই সকল ভাতা বহাল রাখা হইয়াছে এবং ১লা জুন, ১৯৮৫ হইতে ৩০শে জুন, ১৯৯১ পর্যন্ত সরকারের সুনির্দিষ্ট আদেশবলে যেই সকল ভাতা মনজুর করা হইয়াছে সেই সকল ভাতা [উপ-অনুচ্ছেদ (৩) এ উল্লিখিত মহার্ঘ ভাতা ব্যতীত] জাতীয় বেতন স্কেল, ১৯৯১ প্রবর্তনের পরেও ৩০শে জুন, ১৯৯১ তারিখে আহরিত বা প্রাপ্য অংকেই ৩১শে মে, ১৯৯২ পর্যন্ত প্রদেয় হইবে।

(২) উক্ত ভাতাদি ১লা জুন, ১৯৯২ হইতে শতকরা ২৫ ভাগ বৃদ্ধি পাইবে এবং এইরূপ বৃদ্ধির পর বর্দ্ধিত অংকে ৫-এর গুণিতক না হইলে, উহা পরবর্তী ৫- এর গুণিতকে নির্ধারিত হইবে।

(৩) সরকার কর্তৃক ১লা জুন, ১৯৮৫ তারিখের পর যেই সকল মহার্ঘ ভাতা প্রদান করা হইয়াছে সেই সকল মহার্ঘ ভাতা ১লা জুলাই, ১৯৯১ তারিখ হইতে রহিত হইবে। ইহা ছাড়া অনুচ্ছেদ ৬ (১) (ক) (৩)-এ বর্ণিত ব্যক্তিগত বেতন ব্যতীত অন্যান্য ব্যক্তিগত বেতন, ব্যক্তিগত ভাতা, অস্থায়ী ব্যক্তিগত ভাতা এবং অন্যান্য অতিরিক্ত সকল আর্থিক সুবিধাদি, উহা যে নামেই অভিহিত থাকুক না কেন, জাতীয় বেতন স্কেল, ১৯৯১ প্রবর্তনের তারিখ হইতে রহিত হইবে।

১৩। **আনসার, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা ও সেবিকাগণের (Nurses) জন্য ভাতাদি।**—(১) The Services (Pay and Allowances) Order, 1985- এর ১৩, ১৪ ও ১৫ অনুচ্ছেদ অনুযায়ী আনসার, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা ও সেবিকাগণ (Nurses) যেই সকল ভাতা ৩০শে জুন, ১৯৯১ তারিখে আহরণ করিয়াছেন, সেই সকল ভাতা তাঁহারা একই শর্তে, এবং ৩০শে জুন, ১৯৯১ তারিখে আহরিত বা প্রাপ্য অংকে ৩১শে মে, ১৯৯২ তারিখ পর্যন্ত আহরণ করিবেন।

(২) উক্ত ভাতাদি ১লা জুন, ১৯৯২ তারিখ হইতে শতকরা ২৫ ভাগ বৃদ্ধি পাইবে এবং এইরূপ বৃদ্ধির পর বর্ধিত অংকে ৫- এর গুণিতক না হইলে, উহা পরবর্তী ৫-এর গুণিতকে নির্ধারিত হইবে।

(৩) পুলিশ বিভাগের যেই সকল ব্যক্তি জাতীয় নিরাপত্তা গোয়েন্দা বিভাগে প্রেষণে নিয়োজিত রহিয়াছেন বা থাকিবেন, তাঁহারা পুলিশ বিভাগের ক্ষেত্রে প্রযোজ্য এতদ্‌সংক্রান্ত আদেশ অনুযায়ী বাড়ী ভাড়া ভাতা প্রাপ্য হইবেন।

১৪। **চিকিৎসা ভাতা।**—(১) সকল ব্যক্তি ১লা জুন, ১৯৯২ হইতে মাসিক ১৫০ টাকা (নির্ধারিত) চিকিৎসা ভাতা পাইবেন। তবে তাঁহারা ১লা জুলাই, ১৯৯১ হইতে ৩১শে মে, ১৯৯২ পর্যন্ত প্রচলিত মাসিক ১০০ টাকা (নির্ধারিত) চিকিৎসা ভাতা প্রাপ্য হইবেন।

(২) চিকিৎসা সংক্রান্ত অন্যান্য সুবিধাদি যাহা সরকার কর্তৃক সময় সময় জারীকৃত আদেশের মাধ্যমে প্রদান করা হইয়াছে এবং যাহা ৩০শে জুন, ১৯৯১ তারিখে বলবৎ ছিল, তাহা বহাল থাকিবে।

১৫। **বাড়ী ভাড়া ভাতা।**—(১) এই অনুচ্ছেদের অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, সকল ব্যক্তি ১লা জুন, ১৯৯২ হইতে নিম্ন-সারণীতে উল্লিখিত হারে মাসিক বাড়ী ভাড়া ভাতা প্রাপ্য হইবেন ঃ—

সারণী

| মূল বেতন | বাড়ী ভাড়া ভাতার হার (মাসিক) | |
|---|---|---|
| | ঢাকা, নারায়ণগঞ্জ, চট্টগ্রাম, খুলনা ও রাজশাহী | অন্যান্য স্থানের জন্য |
| টাকা ১২০০ পর্যন্ত | মূল বেতনের ৫৫% | মূল বেতনের ৫০% |
| টাকা ১২০১ হইতে ২৫০০ | মূল বেতনের ৫০% হারে, ন্যূনতম টাকা ৬৬০ | মূল বেতনের ৪৫% হারে, ন্যূনতম টাকা ৬০০ |
| টাকা ২৫০১ হইতে টাকা ৬০০০ | মূল বেতনের ৪৫% হারে, ন্যূনতম টাকা ১২৫০ | মূল বেতনের ৪০% হারে, ন্যূনতম টাকা ১১২৫ |
| টাকা ৬০০১ এবং তদূর্ধ্ব | মূল বেতনের ৪০% হারে, ন্যূনতম টাকা ২৭০০ | মূল বেতনের ৩৫% হারে, ন্যূনতম টাকা ২৪০০ |

(২) ১লা জুলাই, ১৯৯১ হইতে ৩১শে মে, ১৯৯২ পর্যন্ত বাড়ী ভাড়া ভাতা, ৩০শে জুন, ১৯৯১ তারিখে আহরিত বা প্রাপ্য অংকেই প্রদেয় হইবে।

(৩) যে সকল ব্যক্তি সরকারী বাসস্থানে বসবাস করিতেছেন, তাঁহারা উপ-অনুচ্ছেদ (১)-এ উল্লিখিত বাড়ী ভাড়া ভাতা প্রাপ্য হইবেন না।

(৪) যে সকল ব্যক্তি সরকারী বাসস্থানে বসবাস করেন, তাঁহাদের মাসিক বেতন বিল হইতে নিম্নলিখিত হারে মাসিক বাড়ী ভাড়া কর্তনপূর্বক সরকারকে প্রদান করিতে হইবে ঃ

(ক) যদি তিনি জাতীয় বেতন স্কেল, ১৯৯১ এর 'বিশেষ বেতন স্কেল' টাকা ১০,৫০০ (নির্ধারিত) এবং ১ নং হইতে ১২ নং [টাকা ১০,০০০ (নির্ধারিত) হইতে টাকা ১৫৫০—৩৪০৫]-এর আওতাভুক্ত হন তাঁহার ক্ষেত্রে মূল বেতনের ৭$\frac{1}{2}$%;

(খ) যদি তিনি জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর ১৩ নং হইতে ১৭ নং (টাকা ১৪৭৫—৩১৫০ হইতে টাকা ১১২৫—২১৭০)-এর আওতাভুক্ত হন তাঁহার ক্ষেত্রে মূল বেতনের ৫%;

(গ) যদি তিনি জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর ১৮ নং হইতে ২০ নং (টাকা ১০৫০—১৯১৫ হইতে টাকা ৯০০—১৫৩০)-এর আওতাভুক্ত হন তাঁহার ক্ষেত্রে সরকারকে কোন বাড়ী ভাড়া প্রদান করিতে হইবে না ঃ

তবে শর্ত থাকে যে, যে ব্যক্তি সরকারী বিধি অনুযায়ী, ভাড়াবিহীন বাসস্থানে থাকার অধিকারী তাঁহাকে সরকার কর্তৃক প্রদত্ত বাসস্থানের জন্য কোন ভাড়া প্রদান করিতে হইবে না ঃ

আরও শর্ত থাকে যে, কোন ব্যক্তি সরকারী বিধি মোতাবেক যে শ্রেণীর বাড়ী পাইবার অধিকারী, তদপেক্ষা উচ্চতর শ্রেণী কিংবা নিম্নতর শ্রেণীর কোন বাড়ী তাঁহাকে বরাদ্দ করা হইলে তাঁহাকে উচ্চতর শ্রেণীর বাড়ীর জন্য উক্ত শ্রেণীর বাড়ীর বরাদ্দ পাওয়ার অধিকারী ব্যক্তি কর্তৃক প্রদেয় সর্বনিম্ন ভাড়া এবং নিম্নতর শ্রেণীর বাড়ীর জন্য উক্ত শ্রেণীর বাড়ীর বরাদ্দ পাওয়ার অধিকারী ব্যক্তি কর্তৃক প্রদেয় সর্বোচ্চ ভাড়া প্রদান করিতে হইবে।

(৫) যদি স্বামী ও স্ত্রী উভয়েই কোন সরকারী বা স্ব-শাসিত সংস্থা, ব্যাংক বা অর্থলগ্নী প্রতিষ্ঠানের চাকুরীজীবী হন এবং তাঁহারা একত্রে সরকারী বাসস্থানে বসবাস করেন, তাহা হইলে তাঁহাদের মধ্যে যাহার নামে বাসস্থান বরাদ্দ করা হইয়াছে তাঁহার বেতন বিল হইতে বাড়ী ভাড়া নির্ধারিত হারে কর্তন করা হইবে এবং তিনি কোন বাড়ী ভাড়া ভাতা প্রাপ্য হইবেন না; অপরজন নির্ধারিত হারে বাড়ী ভাড়া ভাতা প্রাপ্য হইবেন।

(৬) যে ব্যক্তির নিজ নামে অথবা তাঁহার উপর নির্ভরশীল কাহারও নামে এক বা একাধিক বাড়ী আছে, তাঁহার ক্ষেত্রে সরকার কর্তৃক সময় সময় বাসস্থান বরাদ্দ সম্পর্কে জারীকৃত আদেশ বলবৎ থাকিবে।

ব্যাখ্যা।—যদি জনস্বার্থে সংশ্লিষ্ট অফিস কর্তৃক কাহাকেও কর্মস্থলে অথবা তৎসন্নিকটে মেস, হোস্টেল, রেষ্ট হাউস, সার্কিট হাউস, ডর্মিটরী বা ডাকবাংলো কিংবা প্রয়োজনের তাগিদে বাসস্থান হিসাবে ব্যবহৃত আবাসন যাহা সত্যিকারের বাসস্থান নহে (improvised accommodation), (যেমন-গ্যাং, কুঁড়েঘর, গুদামঘর, মালগাড়ির বগি, কোন ষ্টীমার বা লঞ্চের বাংকে বাসস্থানের

সংস্থান) এ একক সীট কিংবা একক কক্ষের বরাদ্দ এই অনুচ্ছেদের উদ্দেশ্যে সরকার কর্তৃক বাসস্থান বরাদ্দ হিসাবে গণ্য হইবে না এবং এই সকল ক্ষেত্রে এই অনুচ্ছেদের আওতায় সংশ্লিষ্ট ব্যক্তি বাড়ী ভাড়া ভাতা পাইবার অধিকারী হইবেন; তবে উক্ত একক সীট বা একক কক্ষ কিংবা improvised accommodation-এর জন্য যদি নির্ধারিত ভাড়া ও অন্যান্য আর্থিক দায় থাকে তাঁহাকে তাহা প্রদান করিতে হইবে।

১৬। বাড়ী ভাড়া সিলিং (Ceiling)।—The Services (Pay and Allowances) Order, 1985-এর অনুচ্ছেদ ১৮-তে প্রদত্ত বাড়ী ভাড়া সিলিং সংক্রান্ত আদেশাবলী ঐ অনুচ্ছেদে বর্ণিত শর্তাধীনে বলবৎ থাকিবে।

১৭। যাতায়াত ভাতা।—(১) জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর ১১ হইতে ২০ নং স্কেলের (টাকা ১৭২৫—৩৭২৫ হইতে টাকা ৯০০—১৫৩০ পর্যন্ত) আওতাধীন কোন ব্যক্তির কর্মস্থল ঢাকা, নারায়ণগঞ্জ, চট্টগ্রাম, রাজশাহী বা খুলনায় অবস্থিত হইলে তিনি ১লা জুন, ১৯৯২ তারিখ হইতে মাসিক ৬০ টাকা যাতায়াত ভাতা প্রাপ্য হইবেন। তবে ১লা জুলাই, ১৯৯১ তারিখ হইতে ৩১শে মে, ১৯৯২ তারিখ পর্যন্ত তিনি প্রচলিত মাসিক ৪০ টাকা যাতায়াত ভাতা পাইতে থাকিবেন।

(২) জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে যিনি টাকা ২৩০০—৪৪৮০ অথবা টাকা ২৮৫০—৫১৫৫ অথবা টাকা ৩২০০—৫৪৪০ আহরণ করিবেন, তিনিও উপ-অনুচ্ছেদ (১)-এ বর্ণিত যাতায়াত ভাতা প্রাপ্য হইবেন।

(৩) যে সকল ব্যক্তি সরকারী আদেশ অনুযায়ী নির্ধারিত অংকের অর্থ প্রদান করতঃ সার্বক্ষণিক গাড়ী ব্যবহারের সুবিধা পাইবার অধিকারী সেই সকল ব্যক্তির ক্ষেত্রে উক্ত সুবিধা একইভাবে বলবৎ থাকিবে।

১৮। **উৎসব ভাতা এবং শ্রান্তি ও বিনোদন ভাতা।**—সরকারী আদেশ নং অম/অবি(বাস্ত)-৪/এফবি-১২/৮৬/২৯, তারিখ ৩রা জুলাই, ১৯৮৮ এবং বাংলাদেশ চাকুরী (বিনোদন ভাতা) বিধিমালা, ১৯৭৯-এর বিধান অনুসারে বার্ষিক উৎসব ভাতা এবং শ্রান্তি ও বিনোদন ভাতা প্রদেয় হইবে। তবে এই সকল ভাতা ৩১শে মে, ১৯৯২ পর্যন্ত, ৩০শে জুন, ১৯৯১ তারিখে আহরিত বা প্রাপ্য মাসিক মূল বেতনের ভিত্তিতে প্রদেয় হইবে।

১৯। **বেতন প্রদান পদ্ধতি।**—(১) স্ব-আহরণকারী (Self-Drawing) কর্মকর্তা এই আদেশের বিধান মোতাবেক জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে তাহার বেতন নির্ধারণ করিবেন এবং সংশ্লিষ্ট নিরীক্ষা কর্মকর্তার নিকট বেতন নির্ধারণ সংক্রান্ত বিবরণী পাঠাইবেন। নিরীক্ষা কর্মকর্তা বেতন নির্ধারণ সংক্রান্ত বিবরণী পরীক্ষা ও প্রতিপাদন করতঃ যথাশীঘ্র সম্ভব বেতনপত্র জারী করিবেন। বেতন নির্ধারণ বিবরণী প্রতিপাদনে বিলম্ব ঘটিলে সাময়িকভাবে বেতন পরিশোধ করা যাইবে, তবে এই প্রক্রিয়ায় অতিরিক্ত বেতন প্রদান করা হইয়া থাকিলে তাহা ফেরৎযোগ্য হইবে এই মর্মে সংশ্লিষ্ট কর্মকর্তাকে বেতন বিলের সংগে একটি অংগীকারপত্র পেশ করিতে হইবে।

(২) বিভাগীয় প্রধান এবং আয়ন ও ব্যয়ন (Drawing and Disbursing) কর্মকর্তাগণ সংশ্লিষ্ট কর্মচারীদের বেতন নির্ধারণ করতঃ বেতন বিলের সহিত বেতন নির্ধারণ সংক্রান্ত বিবরণী পাঠাইবেন। সংশ্লিষ্ট সকল নিরীক্ষা ও হিসাব কার্যালয় যথাশীঘ্র সম্ভব বেতন নির্ধারণ সংক্রান্ত বিবরণীসমূহ পরীক্ষা ও প্রতিপাদন করিবেন এবং যদি বেতন নির্ধারণ সম্পর্কিত কোন আপত্তি থাকে, তবে তাহা সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের সহিত পরামর্শক্রমে নিষ্পত্তি করিবেন।

(৩) এই আদেশ জারীর তারিখ হইতে ১ বৎসরের মধ্যে যাঁহাদের বার্ধক্যজনিত (Superannuation) অবসর গ্রহণের সম্ভাবনা রহিয়াছে তাঁহাদের ক্ষেত্র ব্যতীত অন্যান্যদের ক্ষেত্রে, হিসাব ও নিরীক্ষা কার্যালয় কর্তৃক প্রতিপাদন সাপেক্ষে, জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে নির্ধারিত বেতন সাময়িকভাবে প্রদানের ক্ষমতা বিভাগীয় প্রধানগণ এবং আয়ন ও ব্যয়ন কর্মকর্তাগণকে অর্পণ করা হইল। উক্তরূপ অবসর গ্রহণকারীগণের ক্ষেত্রে হিসাব ও নিরীক্ষা কর্মকর্তা কর্তৃক বেতন নির্ধারণের বিবরণী প্রতিপাদনের পরেই বেতন প্রদান করা যাইবে।

(৪) জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে বার্ষিক বেতন বৃদ্ধি কেবল হিসাব ও নিরীক্ষা কর্মকর্তা কর্তৃক বেতন নির্ধারণ প্রতিপাদনের পরেই প্রদেয় হইবে।

(৫) আহরিত অতিরিক্ত বেতন ফেরৎ প্রদানের নিমিত্তে লিখিত অংগীকারপত্র পাওয়ার পর কর্মচারীদেরকে সাময়িকভাবে বেতন পরিশোধ করা যাইবে। আয়ন ও ব্যয়ন কর্মকর্তাগণ এই সকল অংগীকারপত্র তাঁহাদের দপ্তরে যথারীতি রেকর্ডভুক্ত করিবেন এবং বেতন বিলে এই অংগীকারপত্র প্রাপ্তি সম্পর্কে একটি প্রত্যয়নপত্র পৃষ্ঠাংকন করিবেন।

২০। **আয়কর।**—এই আদেশের অধীন প্রাপ্য বেতন ও ভাতাদির উপর প্রদেয় আয়কর সরকার কর্তৃক পরিশোধিত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২১। **রহিতকরণ ও হেফাজত।**—(১) The Services (Pay and Allowances) Order, 1985, অতঃপর উক্ত Order বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) অনুরূপ রহিতকরণ সত্ত্বেও, উক্ত Order-এর ভাতাদি ও সুযোগ-সুবিধাদি সংক্রান্ত বিধানাবলী এবং তৎসম্পর্কিত প্রজ্ঞাপন, আদেশ, অফিস স্মারক ও পরিপত্রসমূহ, এই আদেশের অধীন ভাতাদি ও সুযোগ-সুবিধাদির উদ্দেশ্যে উহার বিধানাবলীর সহিত সংগতি সাপেক্ষে, বলবৎ রহিয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**খোরশেদ আলম**

মুখ্য অর্থ সচিব।

মোঃ সিদ্দিকুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশিদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।